বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।

ডিপার্টমেন্ট অব কমিউনিকেশন্স এন্ড পাবলিকেশন্স

ক্রমিক নং- ০৫/২০২৬-৫১৫ তারিখ ঃ **১১** নভেম্বর, ২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

প্রধান বার্তা সম্পাদক
ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া
ঢাকা।

১৫ বছর-মেয়াদী (অবশিষ্ট ১০.৬১ বছরের জন্য রি-ইস্যু) বাংলাদেশ গভর্নমেন্ট ট্রেজারি বন্ড বিক্রয় এর নিলাম নোটিশ।

১৫ বছর-মেয়াদী (অবশিষ্ট ১০.৬১ বছরের জন্য রি-ইস্যু) বাংলাদেশ গভর্নমেন্ট ট্রেজারি বন্ড বিক্রয় (রি-ইস্যু) এর নিলাম আগামী **১৭ নভেম্বর ২০২৬ তারিখ রোজ মঙ্গলবার** বাংলাদেশ ব্যাংকে অনুষ্ঠিত হবে। এ নিলামে ৫,০০০.০০ কোটি টাকার অভিহিত মূল্যের (Face Value) **১৫ বছর-মেয়াদী (অবশিষ্ট ১০.৬১ বছরের জন্য রি-ইস্যু)** ট্রেজারি বন্ড (ইস্যু তারিখ-২৯ জুন ২০২২; মেয়াদোত্তীর্ণের তারিখ-২৯ জুন ২০৩৭; কুপন হার ৮.৫৫%, ISIN BD0937901157) রি-ইস্যু করা হবে। ট্রেজারি বন্ডের রি-ইস্যু নিলাম Price-ভিত্তিক হবে। নিলামে কেবল সরকারি সিকিউরিটিজের প্রাইমারি ডিলারের ভূমিকায় নিয়োগপ্রাপ্ত ব্যাংকসমূহ বিড দাখিল করতে পারবে। তবে, অন্যান্য ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি তাদের ব্যক্তি/প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী গ্রাহকের (যাদের বাংলাদেশ ব্যাংকের সাথে চলতি হিসাব নেই) পক্ষে পিডিদের মাধ্যমে নিলামে বিড দাখিল করতে পারবে। অভিহিত মূল্যে (Face Value) প্রতি ১০০.০০ টাকা মূল্যের বন্ড ক্রয়ের জন্য কাঙ্ক্ষিত Price ও বন্ড ক্রয়ের পরিমাণ উল্লেখ করে নিলামের তারিখ (**১৭ নভেম্বর ২০২৬**) সকাল ১০:০০ ঘটিকা হতে বেলা ১২:০০ ঘটিকার মধ্যে বাংলাদেশ ব্যাংকে স্থাপিত FMI এর মাধ্যমে বিড দাখিল করতে হবে। তবে বিশেষ কোন পরিস্থিতিতে প্রয়োজন হলে এ বিভাগের পূর্বানুমতি সাপেক্ষে পূর্বে অনুসৃত ম্যানুয়াল (Bids in Sealed Covers) পদ্ধতিতে বিড দাখিল করা যেতে পারে। নিলামে অংশগ্রহণের বিশদ পদ্ধতিগত নির্দেশনা ইতোমধ্যে প্রাইমারি ডিলারসহ বিভিন্ন ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিকে পত্রযোগে জানানো হয়েছে।

Sd/-
(তারিক আজিজ)
যুগ্ম পরিচালক